# AKASHVANI (AIR)

## RNU : KOLKATA
## Bengali Text Bulletin

**Date 15-07-2025** **Time: 7.35 A.M.**

**বিশেষ বিশেষ খবরঃ-**

১) মুখ্যসচিব মনোজ পন্থের সঙ্গে বৈঠকে কোনো সমাধান সূত্র না মেলায় ফের ২৮ জুলাই নবান্ন অভিযানের ডাক দিয়েছেন যোগ্য চাকরিহারা শিক্ষক-শিক্ষিকাদের একাংশ।

২) নীতি আয়োগের সাম্প্রতিক রিপোর্টে রাজ্যের বিভিন্ন ক্ষেত্রগুলি সম্পর্কে ইতিবাচক মূল্যায়ন থাকায় সন্তোষ প্রকাশ করেছেন পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী।

৩) বিভিন্ন রাজ্যে পশ্চিমবঙ্গের বাংলাভাষী মানুষ ও পরিযায়ী শ্রমিকদের হেনস্থার অভিযোগে পথে নামছে তৃণমূল কংগ্রেস, সিপিআইএম এবং কংগ্রেস।

৪) আর জি কর মেডিক্যাল কলেজ হাসপাতালে আর্থিক দুর্নীতি মামলায় প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষ-সহ পাঁচ অভিযুক্তের বিরুদ্ধে চার্জ গঠন করেছে আলিপুর আদালত।

৫) নিম্নচাপের প্রভাবে  রাজ্যের বিভিন্ন জেলায় আজও বৃষ্টির পূর্বাভাষ।

পশ্চিম মেদিনীপুরের ঘাটালে বন্যা পরিস্থিতি ভয়াবহ আকার নিয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০

শিবপুর পুলিশ লাইনসে মুখ্যসচিব মনোজ পন্থের সঙ্গে এসএসসির চাকরিহারাদের প্রতিনিধিদলের বৈঠকে কোনো সমাধান সূত্র না মেলায় ফের ২৮ জুলাই নবান্ন অভিযানে শামিল হওয়ার ডাক দিয়েছেন যোগ্য চাকরিহারা শিক্ষক-শিক্ষিকাদের একাংশ। ওই সংগঠনের তরফে সুমন বিশ্বাস, ইন্দ্রজিৎ মন্ডলরা জানান, গতকাল নবান্ন অভিযান ব্যর্থ হয়েছে। এজন্য চাকরিহারাদের অন্য একটি সংগঠনকে দায়ি করেছেন তাঁরা। ২৮ শে জুলাই বকেয়া মহার্ঘভাতা দেওয়ার দাবিতে সরকারি কর্মীদের সংগ্রামী যৌথ মঞ্চ যে নবান্ন অভিযানের ডাক দিয়েছে, তাতে শামিল হবেন বলে সুমন বিশ্বাসরা জানান।

উল্লেখ্য, পুনর্বহালের দাবিতে চাকরিহারা যোগ্য শিক্ষক-শিক্ষিকা ও শিক্ষাকর্মীদের নবান্ন অভিযানকে কেন্দ্র করে গতকাল পরিস্থিতি উত্তপ্ত হয়ে ওঠে। নিজেদের দাবিতে অনড় থাকায় শেষমেশ চাকরিহারাদের প্রতিনিধিদলের সঙ্গে বৈঠকে বসেন মুখ্যসচিব মনোজ পন্থ, শিক্ষাসচিব বিনোদ কুমার এবং ডিজি রাজীব কুমার। যোগ্যদের সার্টিফায়েড তালিকা প্রকাশ করার দাবি জানান আন্দোলনকারীরা। ওই দাবি নিয়ে সরকার কোনো আশ্বাস না দেওয়ায় পুলিশ লাইনসের সামনে অবস্থান শুরু করলেও, পরে তা প্রত্যাহার করে নেওয়া হয়।

এদিকে, একটি সংগঠন ফের নবান্ন অভিযানের ডাক দিলেও, আরেকটি সংগঠন ২১, ২২ ও ২৩ শে জুলাই দিল্লিতে আন্দোলনের কর্মসূচি নিয়েছে। ওই সংগঠনের তরফে মেহবুব মন্ডল জানান, দিল্লিতে ধর্না, বিক্ষোভের পাশাপাশি নাগরিক সমাজের সঙ্গেও বৈঠকের পরিকল্পনা রয়েছে তাঁদের।

বিজেপির রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য্য অভিযোগ করেছেন, ক্রমাগত শিক্ষক নিয়োগ দুর্নীতিকে আড়াল করার চেষ্টা চালিয়ে যাচ্ছে রাজ্য সরকার।

(বাইট-শমীক)

রাজ্যের মুখ্যমন্ত্রী অযোগ্যদের পক্ষে বলে সিপিআইএম এর কেন্দ্রীয় কমিটির সদস্য সুজন চক্রবর্তী মন্তব্য করেছেন।

(বাইট-সুজন)

আন্দোলনকারীদের ওপর পুলিশী সক্রিয়তার তীব্র সমালোচনা করেছেন কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী ।

(বাইট-অধীর)

কিছু মানুষকে দুর্নীতির পথে চাকরি দেওয়ার পরিণামে সরকার হাজার হাজার যোগ্য শিক্ষক শিক্ষিকাদের বঞ্চিত করেছে বলে SUCI কমিউনিস্ট-এর রাজ্য সম্পাদক চন্ডীদাস ভট্টাচার্য অভিযোগ করেছেন। গতকাল এক বিবৃতিতে তিনি বলেন, চাকরিহারাদের জীবনে যে ভয়ঙ্কর অনিশ্চয়তা নেমে এসেছে তার দায় রাজ্য সরকারকে নিতে হবে।

oooooooooooooooooooo

সামাজিক ও অর্থনৈতিক ক্ষেত্রের উন্নয়নে পশ্চিমবঙ্গ সরকারের নেওয়া পদক্ষেপের ভূমিকায় নীতি আয়োগের নতুন রিপোর্টে সন্তোষ প্রকাশ করেছেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী। স্বাক্ষরতা ক্ষেত্রে জাতীয় হার ৭৩ শতাংশ হলেও রাজ্যের হার তা ছাপিয়ে ৭৬ দশমিক তিন শতাংশ হয়েছে বলে রিপোর্টে উল্লেখ করা রয়েছে। মুখ্যমন্ত্রী এক্স হ্যান্ডেলে জানিয়েছেন, প্রাথমিক ও উচ্চপ্রাথমিক স্তরে ড্রপ আউট কমার পাশাপাশি রাজ্যে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক স্তরে পাশের হার জাতীয় হারের তুলনায় বেশি বলেও রিপোর্টে প্রকাশ। রাজ্যের বেকারত্ব নিয়ে নীতি অয়োগের পরিসংখ্যান ইতিবাচক হওয়ায় সন্তোষ ব্যক্ত করেন মুখ্যমন্ত্রী।

oooooooooooooooooooo

বিভিন্ন রাজ্যে পশ্চিমবঙ্গের বাংলাভাষী মানুষ ও পরিযায়ী শ্রমিকদের হেনস্থার অভিযোগে পথে নামছে তৃণমূল কংগ্রেস ও সিপিআইএম এবং কংগ্রেস। আগামীকাল বেলা ২-টো থেকে রাজ্যের সব সাংগঠনিক জেলায় প্রতিবাদ মিছিল করবে শাসক দল। মূল মিছিলটি হবে কলকাতার কলেজ স্কোয়ার থেকে ধর্মতলার ডোরিনা ক্রসিং পর্যন্ত। মুখ্যমন্ত্রী

মমতা ব্যানার্জী এবং দলের সর্ব ভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় সেখানে উপস্থিত থাকতে পারেন বলে জানা গেছে।

দিল্লির জয়হিন্দ কলোনিতে বসবাসকারী বাঙালীদের, বাংলাদেশী আখ্যা দিয়ে বৈধ নথিপত্র থাকা সত্ত্বেও, অনুপ্রবেশকারী বলে চিহ্নিত করা হচ্ছে – এই অভিযোগে তৃণমূল কংগ্রেস সেখানে শান্তিপূর্ণ প্রতিবাদ কর্মসূচী চালাচ্ছে। সাগরিকা ঘোষ, সুখেন্দু শেখর রায়, দোলা সেন এবং সাকেত গোখেল এতে সামিল হয়েছেন। আজ বিকেল পর্যন্ত এই কর্মসূচী চলবে।

অন্যদিকে, ভিন রাজ্যে বাংলাভাষীদের হেনস্থার অভিযোগে গতকাল রাজ্য মন্ত্রিসভার বৈঠকে গভীর উদ্বেগ প্রকাশ করেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী।

একই অভিযোগে আজ প্রতিবাদ মিছিল করবে সিপিআইএম। সন্ধে সাতটায় যাদবপুর এইট-বি বাস স্ট্যান্ড থেকে শুরু হয়ে রামগড় পর্যন্ত যাবে এই মিছিল।

কংগ্রেসও এর প্রতিবাদে জেলায় জেলায় সপ্তাহব্যাপী বিক্ষোভ কর্মসূচীর ডাক দিয়েছে। একই সঙ্গে প্রতিটি জেলা শাসকের কাছে এব্যাপারে ডেপুটেশন জমা দেওয়া হবে বলে প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার জানান।

oooooooooooooooooooo

ওড়িশার বালাসোরে করমন্ডল এক্সপ্রেস দুর্ঘটনায় প্রাণ হারানো আরও ১৩ জনের নিকটাত্মীয়কে হোমগার্ড পদে চাকরি দিতে চলেছে রাজ্য সরকার। রাজ্য মন্ত্রিসভার বৈঠকে গতকাল এই সিদ্ধান্ত গৃহীত হয়। ২০২৩ সালের দোসরা জুন বালাসোরে ঘটে যাওয়া ভয়াবহ রেল দুর্ঘটনায় পশ্চিমবঙ্গের ৬২ জন যাত্রী প্রাণ হারান। রাজ্যের তরফে তখন বেশিরভাগ পরিবারকে আর্থিক সহায়তা ও চাকরি দেওয়া হলেও পদ্ধতিগত জটিলতার কারণে ১৩টি পরিবার সেই সময় সহায়তা থেকে বঞ্চিত ছিল। গতকালের বৈঠকে ওই

১৩টি পরিবারকে সহায়তার বিষয়টিতে ছাড়পত্র দেওয়া হয়। 'বিশেষ সংস্থান' প্রকল্পের অধীনে মৃতদের পরিবারের সদস্যদের হোমগার্ড হিসেবে নিয়োগ করা হবে।

০০০০০০০০০০০০০০০০০০

দার্জিলিং জেলার কাশিয়াঙে প্রেসিডেন্সি বিশ্ববিদ্যালয়ের ডাওহিল ক্যাম্পাসে নতুন বিষয় ইন্টার ডিসিপ্লিনারি ইন্টিগ্রেটেড মাস্টার্স প্রোগ্রাম ইন পাবলিক অ্যাডমিনিস্ট্রেশন চালু হতে চলেছে। নবান্নে গতকাল রাজ্য মন্ত্রিসভার বৈঠকে এই নতুন বিষয় চালুর পাশাপাশি সাতটি অধ্যাপক পদের অনুমোদন দেওয়া হয়েছে। ওই বিষয় পড়ানোর জন্য বিশেষজ্ঞ অধ্যাপক নিয়োগ হবে। এই সিদ্ধান্ত উত্তরবঙ্গের পড়ুয়াদের কাছে উচ্চশিক্ষার এক নতুন দিগন্ত খুলে দেওয়ার পাশাপাশি প্রেসিডেন্সি বিশ্ববিদ্যালয়ের ডাওহিল ক্যাম্পাসকে একাডেমিক ও প্রশাসনিক গবেষণার কেন্দ্র হিসেবে গড়ে তুলতে সাহায্য করবে বলে মনে করা হচ্ছে।

০০০০০০০০০০০০০০০০০০

পশ্চিম বর্ধমানের রানীগঞ্জে আরও একটি নতুন শিল্প পার্ক গড়ে উঠতে চলেছে। মঙ্গলপুর ও ভক্তারনগর মৌজায় মোট ২০৫ একরের বেশি জমিতে ওই তালুক তৈরির সিদ্ধান্ত গতকাল রাজ্য মন্ত্রিসভার বৈঠকে গৃহীত হয়েছে। ভূমি ও ভূমি রাজস্ব দফতর ইতমধ্যেই ওই জমি রাজ্য শিল্প উন্নয়ন নিগম-এর কাছে হস্তান্তর করেছে বলে প্রশাসনিক সূত্রে খবর। অঞ্চলটিতে রেল ও সড়ক যোগাযোগ সুবিধাজনক হওয়ায় পরিকাঠামো গড়ে তোলায় বিশেষ সমস্যা হবে না বলে আশা করা হচ্ছে। কর্মসংস্থান ও ক্ষুদ্র-মাঝারি শিল্পে বিকাশের সম্ভাবনাও যথেষ্ট বলেই মনে করছে শিল্প দপ্তর।

০০০০০০০০০০০০০০০০০

আর জি কর মেডিক্যাল কলেজ হাসপাতালে আর্থিক দুর্নীতি মামলায় প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষ-সহ পাঁচ অভিযুক্তের বিরুদ্ধে চার্জ গঠন করেছেন আলিপুর

সিবিআই বিশেশ আদালতের বিচারক। দুর্নীতি দমন আইনের ৪২০, ৪০৯, ৪৬৭, ৪৬৮ এবং ৭ নম্বর ধারায় রুজু হয়েছে মামলা । বিচার শুরু হবে ২২ জুলাই থেকে।

উল্লেখ্য, চার্জশিটে সন্দীপ ছাড়াও নাম রয়েছে তার দেহরক্ষী আফসর আলি, ব্যবসায়ী বিপ্লব সিংহ ও সুমন হাজরা এবং জুনিয়র চিকিৎসক আশিস পাণ্ডের। এরা সকলেই এখন জেলবন্দি। কলকাতা হাইকোর্টের নির্দেশে আর জি করে দুর্নীতির তদন্তভার হাতে নেওয়ার পর সিবিআই গত বছর ২৯ শে নভেম্বর আলিপুর আদালতে চার্জশিট জমা দেয়। চিকিৎসা সরঞ্জাম কেনার নামে টেন্ডার দুর্নীতি থেকে শুরু করে মৃতদেহ লোপাট ও অঙ্গপ্রত্যঙ্গ পাচারের অভিযোগ রয়েছে ধৃতদের বিরুদ্ধে।

ooooooooooooooooo

দক্ষিণ ২৪ পরগণার ভাঙরের চালতাবেড়িয়ায় তৃণমূল কংগ্রেসের অঞ্চল সভাপতি রজ্জাক খানের খুনের ঘটনায় গতকাল মধ্যরাতে পুলিশ আরও একজনকে গ্রেফতার করেছে। ধৃত রফিকুল খানকে হাসনাবাদ এলাকা থেকে ধরা হয়। এপর্যন্ত এই ঘটনায় ৫ জনকে গ্রেফতার করা হলো।

এর আগে ধৃত আজারুদ্দীন মোল্লা, রাজু মোল্লা এবং জাহান আলি শেখকে গতকাল বারুইপুর আদালতে তোলা হলে ২২ তারিখ পর্যন্ত পুলিশ হেফাজত হয়েছে। এই ঘটনায় আগেই মূল চক্রী শাসক দলের নেতা মোফাজ্জেল মোল্লাকে গ্রেফতার করা হয়। এলাকা দখল, টাকা-পয়সার লেনদেন সংক্রান্ত ঝামেলার জেরেই এই হত্যা বলে প্রাথমিক তদন্তে উঠে এসেছে।

গত বৃহস্পতিবার রাতে দলীয় কার্যালয় থেকে বেরিয়ে বাড়ি ফেরার পথে বিজয়গঞ্জ বাজারের কাছে রজ্জাক খানকে কুপিয়ে ও গুলি করে খুন করা হয়।

ooooooooooooooooooo

সাউথ ক্যালকাটা ল-কলেজে আইনের ছাত্রীকে গণ ধর্ষণের প্রতিবাদে এবং রাজ্যে মেয়েদের সুরক্ষার দাবিতে বিজেপি গতকাল হাওড়ার ডোমজুড়ের সলপে কন্যা সুরক্ষা যাত্রা করে। মিছিলে নেতৃত্ব দেন শুভেন্দু অধিকারী।

এদিকে, ল-কলেজ, জোকা আই আই এম-এর ঘটনার প্রতিবাদে প্রদেশ যুব কংগ্রেস, পশ্চিমবঙ্গ রাজ্য ছাত্র পরিষদ এবং আই এন টি ইউ সি – সেবা দল যৌথভাবে গতকাল কলেজ স্ট্রীটে কলকাতা বিশ্ববিদ্যালয়ের সামনে বিক্ষোভ কর্মসূচী পালন করে।

০০০০০০০০০০০০০০০০০০০

২১ শে জুলাই তৃণমূল কংগ্রেসের শহীদ দিবস কর্মসূচীর দিন জনজীবন স্বাভাবিক রাখার দাবি জানিয়ে কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হয়েছে All India Lawyer's Union । সংগঠনের দাবি, ওই দিন দীর্ঘ মিছিল এবং যানবাহন কম থাকায় সাধারণ মানুষকে দুর্ভোগের সম্মুখীন হতে হয়। পরিবহণ ক্ষেত্রে যাতে কোনো সমস্যা সৃষ্টি না হয় পুলিশকে সে ব্যাপারে উদ্যোগী হওয়ার আবেদন জানানো হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০

গাঙ্গেয় পশ্চিমবঙ্গ ও সংলগ্ন বাংলাদেশের ওপর থাকা সুস্পষ্ট নিম্নচাপটি শেষ খবর পাওয়া পর্যন্ত কলকাতা থেকে ৯০ কিলোমিটার উত্তরে এবং বর্ধমান থেকে ৫০ কিলোমিটার পূর্বে অবস্থান করছিল। আগামী ২৪ ঘণ্টায় এটি পশ্চিম উত্তর-পশ্চিমে অগ্রসর হবে। এর প্রভাবে দক্ষিণবঙ্গের প্রায় সব জেলাতেই আজ বৃষ্টির পূর্বাভাষ। পুরুলিয়া, বাঁকুড়া, পূর্ব ও পশ্চিম বর্ধমান, বীরভূম ও মুর্শিদাবাদ জেলায় জারি রয়েছে হলুদ সর্তকতা। মৎস্যজীবীদের আজও মুদ্রে যেতে নিষেধ করা হয়েছে। অন্যদিকে উত্তরবঙ্গের দার্জিলিং কালিম্পং জলপাইগুড়ি কোচবিহার এবং আলিপুরদুয়ার জেলায় বিক্ষিপ্তভাবে মাঝারি থেকে ভারী বৃষ্টির সম্ভাবনা।

পশ্চিম মেদিনীপুরের ঘাটালে বন্যা পরিস্থিতি ভয়াবহ আকার নিয়েছে। কলমিজোড় এলাকায় পুরনো কাঁসাই নদীর জল আজ ভোরে বিপদসীমা অতিক্রম করেছে। বাঁকা এলাকায় শিলাবতী নদীর জলস্তরও বিপসীমার ওপর দিয়ে বইছে। ফুলে-ফেঁপে উঠেছে রূপনারায়ণ নদও। সেচ দফতরের পক্ষ থেকে গতকাল সারারাত নদী বাঁধগুলি পাহারা দেওয়া হয়।

এদিকে, নদীয়ার শান্তিপুরের, হরিপুর নতুন গ্রামে ভাগীরথী নদীর পাড় বাঁধানোর কাজ সম্পূর্ণ হওয়ার পরই তা ভেঙে যাওয়ার অভিযোগ উঠেছে। গত দু-দিনে নদীর পাড়ের প্রায় ৩০ ফুট অংশ ভেঙে গেছে। বৃষ্টির জন্য নীচের মাটি সরে গিয়েই এই বিপত্তি বলে সেচ দফতরের পক্ষ থেকে জানানো হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০